

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের শূন্য পদ পূরণ  
বিষয়ে ২৬/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

**সভাপতি :** জনাব জাহিদ মালেক, এমপি  
মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
**তারিখ :** ২৬/১২/২০১৯ খ্রিস্টাব্দ  
**সময় :** বেলা ১১: ০০ টা  
**স্থান :** মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’-তে সংযোজিত।

২। সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার জনবল সংকটের বিষয়ে বক্তব্য রাখেন। তিনি বলেন, অনেক স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে পর্যাপ্ত অবকাঠামো নির্মিত হওয়া সত্ত্বেও জনবল নিয়োগ না হওয়ায় সেগুলো থেকে জনসাধারণ সেবা পাচ্ছেন না। জনবল সংকট কাটিয়ে এই প্রতিষ্ঠানগুলো যাতে সাধারণ মানুষকে সর্বোচ্চ সেবা প্রদান করতে পারে, তা নিশ্চিত করতেই আজকের এই সভা।

৩। সভাপতি বিভিন্ন প্রতিষ্ঠানের অনুমোদিত, বিদ্যমান ও শূন্য জনবলের বিষয়ে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**সিদ্ধান্ত-১:** স্বাস্থ্য অধিদপ্তর এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের নিয়োগ প্রক্রিয়া সম্পর্কের জন্য নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হয়ঃ

- |   |   |            |
|---|---|------------|
| ১. অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা), স্বাস্থ্য সেবা বিভাগ | - | আহ্বায়ক   |
| ২. যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ                            | - | সদস্য      |
| ৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি                         | - | সদস্য      |
| ৪. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের প্রতিনিধি            | - | সদস্য      |
| ৫. উপসচিব (নার্সিং-১ ও ২), স্বাস্থ্য সেবা বিভাগ                       | - | সদস্য      |
| ৬. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর                              | - | সদস্য      |
| ৭. উপপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর                            | - | সদস্য সচিব |

**সিদ্ধান্ত-২:** যেসকল পদের নিয়োগবিধি সংশোধন করা প্রয়োজন, তা আগামী একমাসের মধ্যে সংশোধন করার জন্য অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) ও মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত-৩:** টারশিয়ারি, জেলা ও উপজেলা হাসপাতালগুলোতে সকল আউটসোর্সিং নিয়োগ আগামী ০২ (দুই) মাসের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশনা দেয়া হল। যে সিভিল সার্জন বা UHPO নিয়োগ প্রক্রিয়া সম্পাদনে ব্যর্থ হবেন, তাদেরকে প্রত্যাহার করতে হবে এবং নিয়োগের জন্য বরাদ্দকৃত অর্থ ফেরত প্রদান করতে হবে।

**সিদ্ধান্ত-৪:** আউটসোর্সিং/রাজস্বখাতে নিয়োগের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত সর্বশেষ নির্দেশনা/নীতিমালা অনুসরণ করতে হবে।



সিক্ষান্ত-৫: নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মহাপরিচালক সাড়ে চার হাজার নার্সের শুন্য পদে নিয়োগের ব্যবস্থা গ্রহণ করবেন। পাশাপাশি নতুন করে সিনিয়র স্টাফ নার্সের ১০০০০ (দশ হাজার) ও মিডওয়াইফের ৫০০০ (পাঁচ হাজার) পদ সৃজনের প্রস্তাব প্রদানের জন্য তাঁকে বলা হল।

সিক্ষান্ত-৬: নার্স নিয়োগের যোগ্যতা নীতিমালার আলোকে যথাসম্ভব উন্মুক্ত থাকবে। সরকারি কর্মক্ষমিশনের মাধ্যমে নিয়োগ হলে তাদেরকে বিষয়টি অবগত করতে হবে।

সিক্ষান্ত-৭: জনপ্রশাসন মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী কনসালটেন্ট, সিনিয়র কনসালটেন্ট ও চীফ কনসালটেন্ট এর পদ সৃজনের জন্য স্বাস্থ্য অধিদপ্তর প্রস্তাবনা তৈরি করে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করবেন।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

০৯/০১/২০২০

(জাহিদ মালেক)

মন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০২.১৭-নং২

তারিখ: ১৩/০১/২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হল (জ্যোতির ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নির্পোট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিবিল, ঢাকা।
৪. যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. উপসচিব (নার্সিং-১ ও নার্সিং-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১২. অতিরিক্ত সচিব (প্রশাসন/অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১৪.০১.২০২০  
(মোঃ শাহদত হোসেন কবির)  
সিনিয়র সহকারী সচিব